

# চাকরি খোঁজা

# Å finne ein jobb


Espen Stranger-Johannessen

Sunniva Høiby-Øiset

Tahmina Akter


4

বাংলা bn / nynorsk nn



আলিশার একটি চাকরি দরকার, কারণ তার পরিবারের খাবার ও কাপড়ের জন্য টাকার প্রয়োজন।

. . .

Alisha treng å finne ein jobb fordi familien hennar treng pengar til mat og klede.



নিজ দেশে আলিশা কাজ করত না, তবে সে খুব ভাল রাঁধতে পারে এবং মানুষের সাথে কথা বলতেও পছন্দ করে।

. . .


Alisha jobba ikkje i heimlandet, men ho er flink til å lage mat og liker å snakke med folk.



সে কি রেস্টুরেন্টে কাজ করতে পারে? আলিশা চাকরির পোস্টের জন্য ইন্টারনেটে খোঁজাখুঁজি করে।

. . .

Kanskje ho kan jobbe på restaurant? Alisha søker på Internett etter stillingsannonsar.



সে শেফ এর চাকরির জন্য একটি বিজ্ঞাপন খুঁজে পায়। শেফ হল সেই ব্যাক্তি, যিনি একটি রেস্টুরেন্টে রান্না করেন।

...

Ho finn ein stillingsannonse som kokk. Det er ein som lagar mat i ein restaurant.



সে চাকরির ইন্টারভিউ দিতে যায়। রেস্টুরেন্ট ম্যানেজার তাকে বলেন যে, তাদের শেফ হিসাবে প্রশিক্ষণ নিয়েছে এমন কাউকে দরকার।

• • •


Ho drar til jobbintervjuet. Restaurantsjefen seier til henne at dei treng nokon som er utdanna kokk.



আলিশা হতাশ হয়ে পড়ে, তবে সে “খাদ্য ও আতিথেয়তা” নামে একটি কোর্স এ অংশগ্রহণ করে। সে আশা করে যে, এটি তাকে একটি রেস্টুরেন্টে চাকরি পেতে সাহায্য করবে।

. . .

Alisha er skuffa, men ho tar eit kurs som heiter «Mat og reiseliv». Ho håper det kjem til å hjelpe henne med å få jobb på ein restaurant.



আলিশাকে তার প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে একটি রেস্টুরেন্টে কাজ করতে হয়। সে বেতন পায় না, তবে সে কাজের অভিজ্ঞতা অর্জন করে।

• • •

Alisha må jobbe på ein restaurant som ein del av utdanninga. Ho får ikkje lønn, men ho får arbeidserfaring.



সে তার সিভিতে কোর্সের সম্পর্কে যাবতীয় তথ্য যুক্ত করেছে। সে যে সমস্ত কাজ করেছে এবং যে কোর্সগুলোতে অংশগ্রহণ করেছে, তার বিবরণই হল সিভি।

• • •

Ho legg til informasjon om kurset på CV-en sin. Ein CV er ei skildring av alt arbeidet ho har gjort og alle kursa ho har tatt.



পরের বার আলিশা যখন কোন রেস্টুরেন্টে চাকরির ইন্টারভিউ দিতে যায়, তখন তাকে চাকরির প্রস্তাব দেওয়া হয়। এটা কঠিন কাজ। তাকে প্রায়ই সন্ধ্যায় কাজ করতে হয়, যখন তার বাচ্চারা স্কুল থেকে বাড়িতে চলে আসে।

. . .

Neste gong Alisha skal på jobbintervju på ein restaurant, blir ho tilbode jobben. Det er hardt arbeid. Ho må ofte jobbe om kvelden, når barna hennar er heime frå skulen.



সে গর্বিত যে সে একটি চাকরি পেয়েছে, যাতে সে নিজের টাকা দিয়ে তার পরিবারের জন্য খাবার ও কাপড় কিনতে পারে।

. . .

Ho er stolt av at ho har fått ein jobb så ho kan kjøpe mat og klede til familien sin for sine eigne pengar.

# LIDA Stories

lidastories.net

## চাকরি খোঁজা

## Å finne ein jobb


Espen Stranger-Johannessen
Sunniva Høiby-Øiset
Tahmina Akter (bn), Espen Stranger-Johannessen (nn)


CC BY